আশুগঞ্জ সার কারখানা কলেজ
পরীক্ষা: ২০২১ ইং
শ্রেণি: দ্বাদশ; বিষয়: অর্থনীতি ২য় পত্র

সময়: ২ ঘন্টা ৩০ মিনিট (সৃজনশীল প্রশ্ন) পূর্ণমান: ৭০

১। জনাব রাকিব ও আকিব উভয়ই জামালপুর জেলার কৃষক। রাকিব খামারের আয়তন ছোট হওয়ায় সে শুধুমাত্র পরিবারের ভরণপোষণের জন্য চাষাবাদ করেন। অন্যদিকে আকিব খামারের আয়তন বড় হওয়ায় সে পরিবারের প্রয়োজন মিটিয়ে উদ্‌বৃত্ত ফসল বিক্রি করে মুনাফা অর্জন করে।

ক. শষ্য বহুমুখীকরণ কাকে বলে? ১

খ. কৃষিতে উদ্‌বৃত্ত শ্রম বলতে কী বুঝ? ২

গ. জনাব রাকিব যে খামারে চাষাবাদ করেন তা অর্থনৈতিক ক্ষেত্রে কি অবদান রাখবে বলে মনে কর? ৩

গ. জনাব রাকিবের খামারের সাথে আকিবের খামারের কতটুকু পার্থক্য আছে বলে তুমি মনে কর? ৪

২। মানিক শিক্ষিত চাষি। পূর্বে তার জমি থেকে পর্যাপ্ত উৎপাদন হতো না। কিন্তু বর্তমানে মানিক ঐ জমিতে সারা বছরই বিভিন্ন শষ্য ও সবজি উৎপাদন করে। এ ছাড়া তিনি উন্নত যন্ত্রপাতি, বীজ এবং তথ্য প্রযুক্তির সমন্বয়ে কৃষি উৎপাদন বাড়িয়েছেন। তাই আরও ১ বিঘা জমি ভাড়া নিয়ে ফসল, শষ্য ও সবজি চাষের পরিধি বাড়াবেন বলে সিদ্ধান্ত নেয়েছেন।

ক. কৃষি কি? ১

খ. কৃষির উপখাতগুলো কী কী? ২

গ. মানিকের একই জমিতে বিভিন্ন ধরণের শষ্য চাষাবাদ কোন ধরণের উৎপাদন পদ্ধতি নির্দেশ করে? ব্যাখ্যা কর। ৩

ঘ. বাংলাদেশের কৃষি উন্নয়ণের ক্ষেত্রে মানিকের গৃহিত পদ্ধতিসমূহের গুরুত্ব ব্যাখ্যা কর। ৪

৩। রফিক লেখাপড়া শেষ করে গ্রামে এসে একটি বিশেষ প্রযুক্তি (যেমন জৈব) ব্যবহার করে লিচু বাগান তৈরী করল। লিচু গাছ ছোট, ফলন অধিক এবং সুস্বাদু। লিচু বাগান পরিচর্যা এবং বাজারজাত করার ক্ষেত্রে রফিক তথ্য সংগ্রহের জন্য আধুনিক প্রযুক্তির সাহায্য নেয়।

ক. কৃষির প্রধান উপখাত কয়টি? ১

খ. কৃষি খামার বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে রফিক লিচুর ক্ষেত্রে যে প্রযুক্তি ব্যবহার করেছে তার গুরুত্ব ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে রফিকের বাগান পরিচর্যা ও বাজারজাত করার ক্ষেত্রে ব্যবহৃত প্রযুক্তি
কৃষি খাতে অধিক উৎপাদনের সহায়তা করতে পারে-তোমার মতামত দাও। ৪

৪। বাংলাদেশ হলো বিশ্বের দ্বিতীয় বৃহত্তম পাট উৎপাদনকারী দেশ এবং দ্বিতীয় বৃহত্তম তৈরি পোশাক রপ্তানিকারক দেশ। বৈচিত্রময় পাট পণ্য ও তৈরী পোশাক বাজার এখনও খুবই সম্ভাবনাময় রপ্তানি খাত। কেননা, সনাতনী রপ্তানী বাজার অত্যন্ত সীমিত।
ক. চচচ কী? ১
খ. বাংলাদেশের শিল্পায়নে সরকারি নীতি কীরূপ? ২
গ. রপ্তানি আয়ের প্রেক্ষিতে উদ্দীপকে উল্লেখিত বৃহৎ শিল্পের মধ্যে কোনটির গুরুত্ব অধিক?
ঘ. উদ্দীপকে উল্লেখিত প্রথম শিল্পটির বৈশ্বিক ভবিষ্যৎ সম্ভাবনা কীরূপ? ব্যাখ্যা কর। ৪

৫। বর্তমানে তৈরি পোশাক শিল্প বাংলাদেশের অর্থনীতিতে বৈদেশিক মুদ্রার্জনকারী শিল্প হিসাবে খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। কিন্তু এই শিল্পে নানাবিধ সমস্যা বিরাজমান। তন্মধ্যে শ্রমিকের দক্ষতার অভাব, কাঁচামালের অভাব, পর্যাপ্ত ঋণের অভাব, অপর্যাপ্ত বিদ্যুৎ সরবরাহ, তীব্র প্রতিযোগিতা ও কোটা পদ্ধতি বিশেষভাবে উল্লেখযোগ্য।
ক. রপ্তানীমুখী শিল্প কী? ১
খ. আমদানি বিকল্প শিল্পের ধারণাটি ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের আলোকে বাংলাদেশে বিরাজমান তৈরী পোশাক সমস্যাবলি আলোচনা কর। ৩
ঘ. বাংলাদেশের তৈরী পোশাক শিল্পের সমস্যাবলি সমাধানের জন্য তুমি কি কি সুপারিশ করবে? ব্যাখ্যা কর। ৪

৬। আমেরিকা প্রবাসী জনাব রাসেল একজন ধনাঢ্য ব্যক্তি। পৃথিবীর বিভিন্ন দেশ ঘুরে বেড়ানো তার সখ। ইউরোপ, আমেরিকার বাজারে যেখানেই গিয়েছেন সর্বত্রই বাংলাদেশের তৈরী পোশাক, পাটজাত দ্রব্য ও কুটির শিল্পের নিপুণ সামগ্রী দেখে নিজ দেশ নিয়ে আনন্দিত।
ক. হাইটেক শিল্প কী? ১
খ. ক্ষুদ্র ও কুটির শিল্প দেশে সুষম উন্নয়ন ঘটায়-ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে উল্লিখিত তৈরী পোশাক শিল্প বাংলাদেশের অর্থনীতিতে কীরূপ ভূমিকা পালন করছে? আলোচনা কর। ৩
ঘ. বাংলাদেশের অর্থনীতি এখন আর স্থবির নয়-উদ্দীপকের আলোকে ব্যাখ্যা কর।

৭। রহিমের দেশে যুগোপযোগী শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা না থাকায় অধিকাংশ জনগণের গুণগতমান অত্যন্ত নিম্ন। বেশীরভাগ মানুষই অস্বাস্থ্যকর পরিবেশে

বসবাস করে। এই কারণে এইদিকে যেমন স্বাস্থ্যহানী ঘটছে, অন্যদিকে তাদের নিম্ন মাথাপিছু আয় ও অশিক্ষা জন্মহার বৃদ্ধিসহ নানা সমস্যার সৃষ্টি করছে। বর্তমানে সরকার বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা, স্বাস্থ্য সুবিধা বৃদ্ধি, নারী ক্ষমতায়নসহ বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করায় অবস্থার কিছুটা উন্নতি হচ্ছে।

ক. মানব সম্পদ কী? ১

খ. শিক্ষা ও প্রশিক্ষণ কীভাবে মানব সম্পদ উন্নয়নে সহায়তা করে? ২

গ. রহিমের দেশটিতে জনসংখ্যার যে বৈশিষ্ট্য ফুটে উঠেছে উদ্দীপকের আলোকে তা ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকে উল্লেখিত মানব সম্পদ উন্নয়নে সরকারের গৃহীত পদক্ষেপ সমূহ মূল্যায়ন কর। ৪

৮। নিচের চিত্রটি লক্ষ্য কর এবং নিম্নোক্ত প্রশ্নগুলোর উত্তর দাও:

ক. জনসংখ্যার ঘনত্ব কী? ১

খ. প্রশিক্ষণ কিভাবে মানব সম্পদ উন্নয়ন করে? ২

গ. উদ্দীপকে প্রাকৃতিক নিরোধ ও জনাধিক্য বলতে কি বোঝায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. খাদ্য ও জনসংখ্যার মধ্যে ভারসাম্যের জন্য প্রাকৃতিক নিরোধ অপেক্ষা প্রতিরোধ ব্যবস্থা অধিক কাম্য-উদ্দীপকের আলোকে বিশ্লেষণ কর। ৪

৯। শিক্ষিতের হার কম হওয়ার সত্ত্বেও এক সময় ক দেশটির জনগণ সুখে শান্তিতে বাস করতো। গোলাভরা ধান, গোয়াল ভরা গরু, পুকুর ভরা মাছ-এসবই তাদের ছিল, কিন্তু সময়ের সাথে সাথে বর্তমানে তারা এমন এক অবস্থায় পৌঁছেছে যে, উৎপাদিত পণ্য দ্বারা জনগণের খাদ্যের সংস্থান সঠিকভাবে করা যাচ্ছে না। ফলে ছিনতাই রাহাজানি বেড়েই চলেছে। সম্প্রতি বন্যা ও ঘূর্ণিঝড়ে অনেক মানুষের প্রানহানিও ঘটেছে।

ক. জনসংখ্যার ঘনত্ব নির্ণয়ের সূত্রটি লেখ। ১

খ. অধিক জনসংখ্যা কীভাবে সল্প মাথাপিছু আয়ের কারণ হিসেবে কাজ করে? ২

গ. উদ্দপিকের সাথে কোন জনসংখ্যা তত্ত্বের সাদৃশ্য রয়েছে? কেন? ৩

ঘ. ক দেশটির বর্তমান পরিস্থিতির জন্য মূলত কি দায়ী বলে তুমি মনে কর? এ থেকে উত্তরণের উপায় নির্দেশ কর। ৪

১০। বান্দরানে প্রচুর আনারস উৎপাদন হয়। উৎপাদিত আনারসের মান যথেষ্ট ভালো। ব্যবসায়ীরা এ আনারস চট্টগ্রামের বাজারে নিয়ে গিয়ে বিক্রি করেন। আবার সিলেটে প্রচুর ভালোমানের চা উৎপাদন হয়। উৎপাদিত চা-এর আমেরিকার বাজারে যথেষ্ট চাহিদা আছে।

ক. বাংলাদেশের কয়েকটি আমদানি দ্রব্যের নাম লিখ। ১

খ. বৈদেশিক সাহায্য বাংলাদেশের জন্য আবশ্যক-ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে চা এর বাণিজ্যকে কী নামে অভিহিত করা যায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. আনারস এবং চা এর বাণিজ্যের মধ্যে পার্থক্যসমূহ বিশ্লেষণ কর। ৪

১১। অর্থনীতির শিক্ষক ফরহাদ স্যার ক্লাসে শিক্ষার্থীদের পড়াচ্ছিলেন, একটি দেশের সকল এলাকা সকল দ্রব্য উৎপাদনের জন্য উপযোগী নয়।কিন্তু সকল দ্রব্য ভোগের ক্ষেত্রে সকল এলাকার ভোক্তার সমান অধিকার রয়েছে। সকল দ্রব্য ভোগের সুবিধা সৃষ্টিতে বাণিজ্যের আশ্রয় গ্রহণ করতে হয়।

ক. অভ্যন্তরীণ বাণিজ্য কাকে বলে? ১

খ. আমদানি ও রপ্তানি বলতে কী বুঝ? ২

গ. উদ্দীপকে ফরহাদ স্যারের আলোচনায় কোন বাণিজ্যের প্রাধান্য লক্ষ্য করা যায়? তোমার মতামত ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের আলোকে অভ্যন্তরীণ ও আন্তর্জাতিক বাণিজ্যের মিল ও অমিল বিশ্লেষণ কর। ৪